6

দৈনিক ইত্তেফাক

তারিখ ...27 NOV 1998 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৫ ...

## চর আদর্শ মহাবিদ্যালয়ের মঞ্জুরি প্রদানের আবেদন

কিশোরগঞ্জ জেলার পাকুন্দিয়া থানা সদর হইতে প্রায় ৫ কিলোমিটার পশ্চিমে নরসুন্দা নদী ও ব্রহ্মপুত্র নদের মাঝে প্রাকৃতিক সৌন্দর্য মন্ডিত একটি অঞ্চল হইতেছে চর এলাকা। উচ্চ মাধ্যমিক শ্রেণীতে পড়ার জন্য প্রায় ৮/৯ কিলোমিটার দূরে থানা সদরে যাইতে হইত বিধায় এসএসসি পাসের পর অনেক মেয়ের পক্ষেই পড়ালেখা চালাইয়া যাওয়া কষ্টকর হইয়া পড়িত। আর তাই মেয়েদের উচ্চ শিক্ষা নিশ্চিত করিতে এলাকার গুণ্যমান্য ব্যাক্তিদের প্রচেষ্টায় ৯৩ সালে এখানে প্রতিষ্ঠিত হয় চর আদর্শ মহাবিদ্যালয়। কলেজটি নিজস্ব জমিতেই অবস্থিত। যোগাযোগ ব্যবস্থাও ভাল। বর্তমানে অধ্যক্ষের দায়িত্ব পালন করিতেছেন পঞ্চাশোর্ধ্ব এক শিক্ষানুরাগী ব্যক্তি। গত তিনটি বৎসর অত্র কলেজের ছাত্র/ছাত্রী প্রাইভেট রেজিস্ট্রেশনের মাধ্যমে ২০ কিলোমিটার দূরবর্তী জেলা সদরের সরকারী কলেজ হইতে পরীক্ষা দিয়াছে। কলেজটি কোড নম্বর পাইলেই থানা সদরের কেন্দ্রে ছাত্র-ছাত্রীগণ পরীক্ষা দিতে পারিত। সাধারণ একটি অনুমতিতে কলেজের কার্যক্রম চলিতেছে। এমতাবস্থায়, কলেজটির মঞ্জুরি অত্যন্ত প্রয়োজন। এ ব্যাপারে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট সনির্বন্ধ আবেদন জানাইতেছি।

মোহাম্মদ শফিকুল ইসলাম (শফিক),
গ্রামঃ চরটেকী, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ